

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার কপি।
ক্রমিক নং-০২। আলোচ্য কাজের লে-আউট।
ক্রমিক নং-০৩। পূর্বানুমোদিত রেট।
ক্রমিক নং-০৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning of drains and water logging prone area to combat dengue of ansar camp SWTP.

১.০। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষণ) বিভাগ "র"ওয়াটার পরিবহন, "ট্রিটেড"ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজে নিয়োজিত। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়েদাবাদ পানি শোধনাগার আনসার ক্যাম্পে বিদ্যমান সারফেস ড্রেনে গাছের পাতা, ময়লা ও মাটি জমে ড্রেনে পানি প্রবাহে বাধার সৃষ্টি করছে। উল্লেখ্য, সায়েদাবাদ পানি শোধনাগারে পর্যাপ্ত পরিমাণ বৃক্ষ থাকায় বৃক্ষের পাতা বাড়ে ড্রেনে পড়ে ড্রেনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত করছে। এছাড়া ড্রেনে শ্যাওলা ও পানি জমে থাকছে। জমা পানি থেকে এডিস মশার বংশ বিস্তার হয়। তাই এডিস মশার বংশ বিস্তার রোধকল্পে জরুরীভিত্তিতে আনসার ক্যাম্পে বিদ্যমান সারফেস ড্রেন পরিষ্কার করা প্রয়োজন। তাছাড়া আনসার ক্যাম্পের চারিদিকে ঘোপ বাঁড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা হয়েছে। উক্ত জায়গার মধ্যে বিষাক্ত সাপ, পিঁপড়া, শিয়াল, কুকুর ও অন্যান্য প্রাণী বসবাস করে। মশা-মাছি ও অন্যান্য কিট-পতঙ্গের উপদ্রব বেড়ে গেছে। তাই আনসার ক্যাম্পের চারিদিকে জরুরীভিত্তিতে ঘোপ বাঁড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা পরিষ্কার-পরিচ্ছন্ন ও অপসারণ করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ড্রেনের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত থাকাসহ প্রাণঘাতী ডেঙ্গুর প্রকোপ থেকে রক্ষা পাওয়া যাবে এবং কর্ম পরিবেশ উন্নত হবে।


১.১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৪৩ এবং প্যাকেজ নং- W-37 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


১.২। আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৪ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৭,২২২.৬৪৪ (চার লক্ষ সাতানব্বই হাজার দুইশত বাইশ দশমিক ছয় চার চার টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Cleaning of drains and water logging prone area to combat dengue of ansar camp SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৭,২২২.৬৪৪ (চার লক্ষ সাতানব্বই হাজার দুইশত বাইশ দশমিক ছয় চার চার টাকা মাত্র) টাকার অনুমোদন।
- গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



24.09.25
ফজিলা খাতুন
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


28/09/25
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


24-09-25
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


24.09.25
মির্জা গোলাম কিব্রিয়া
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


24.09.25
মির্জা গোলাম কিব্রিয়া
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষনাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


28/09/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।